

🖪 আল-হিজর | Al-Hijr | ٱلْجِجْر

আয়াতঃ ১৫: ৫৩

💵 আরবি মূল আয়াত:

قَالُوا لَا تَوجَل إِنَّا نُبَشِّرُكَ بِغُلْمٍ عَلِيمٍ ﴿٥٣﴾

তারা বলল, 'তুমি ভীত হয়ো না, নিশ্চয় আমরা তোমাকে এক জ্ঞানী শিশুর সুসংবাদ দিচ্ছি'। — আল-বায়ান তারা বলল, 'শংকা করো না, আমরা তোমাকে এক জ্ঞানী পুত্রের সুখবর দিচ্ছি।' — তাইসিরুল তারা বললঃ ভয় করনা, আমরা তোমাকে এক জ্ঞানী পুত্রের সুসংবাদ দিচ্ছি। — মুজিবুর রহমান

[The angels] said "Fear not Indeed, we give you good tidings of a learne

[The angels] said, "Fear not. Indeed, we give you good tidings of a learned boy." — Sahih International

- ৫৩. তারা বলল, ভয় করবেন না, আমরা আপনাকে এক জ্ঞানী পুত্রের সুসংবাদ দিচ্ছি।(১)
 - (১) অর্থাৎ ইসহাক আলাইহিস সালামের জন্মের সুসংবাদ। কারণ ইসমাঈল আলাইহিস সালাম এর পূর্বেই অন্য স্ত্রীর ঘরে দুনিয়ায় এসেছিলেন। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৫৩) তারা বলল, 'ভয় করো না। আমরা তোমাকে একজন জ্ঞানী পুত্রের সুসংবাদ দিচ্ছি।'

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1855

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন